

সংবাদ বিজ্ঞপ্তি:

**নোবিপ্রবির সঙ্গে যুক্তরাজ্যের নটিংহাম বিশ্ববিদ্যালয়ের
সমঝোতা স্মারক স্বাক্ষর**

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) সঙ্গে যুক্তরাজ্যের নটিংহাম বিশ্ববিদ্যালয়ের সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়েছে। নটিংহাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে দ্বিপাক্ষিক দীর্ঘ আলোচনার পর গত ২৮ ফেব্রুয়ারি ২০২৪ সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম। এরপর ২৫ মার্চ ২০২৪ যুক্তরাজ্যের নটিংহাম বিশ্ববিদ্যালয়ে নোবিপ্রবি ট্রেজারার অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর ও নোবিপ্রবি ইন্টারন্যাশনাল কো-অপারেশন এন্ড কোলাবোরেশন সেন্টারের (আইসিসিসি) অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মোঃ রোকনুজ্জামান সিদ্দিকীর উপস্থিতিতে নটিংহাম বিশ্ববিদ্যালয়ের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন উক্ত বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (গ্লোবাল এনগেজমেন্ট) অধ্যাপক ড. রবার্ট মোকায়্যা ওবে।

চুক্তি বিষয়ে নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম বলেন, ‘নোবিপ্রবির সঙ্গে যুক্তরাজ্যের নটিংহাম বিশ্ববিদ্যালয়ের এ সমঝোতা স্মারক উভয় বিশ্ববিদ্যালয়কে শিক্ষা ও গবেষণা ক্ষেত্রে এগিয়ে যেতে সহায়ক ভূমিকা পালন করবে। এই উদ্যোগ দক্ষ মানবসম্পদ গড়ে তুলতে কার্যকর ভূমিকা রাখবে। চুক্তির মাধ্যমে নোবিপ্রবি শিক্ষক-শিক্ষার্থীরা স্কলারশিপ নিয়ে সহজেই নটিংহাম বিশ্ববিদ্যালয় থেকে উচ্চতর ডিগ্রী অর্জন করতে পারবে। এ চুক্তিটি নোবিপ্রবি এবং নটিংহাম বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক-শিক্ষার্থী ও সদস্য বিনিময়, ডকুমেন্টস ও গবেষণার উপাদান বিনিময় এবং যৌথ শিক্ষা ও গবেষণা ক্ষেত্রে উন্নয়নে ইতিবাচক অবদান রাখবে বলে আমি মনে করি। চুক্তি স্বাক্ষরের সঙ্গে সংশ্লিষ্ট সকলের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা’।

চুক্তি সম্পর্কে নোবিপ্রবি ট্রেজারার অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর বলেন ‘এ দিনটি নোবিপ্রবির জন্য অত্যন্ত আনন্দের, কারণ এ সমঝোতা স্মারকের মাধ্যমে যুক্তরাজ্যের প্রথম কোনো বিশ্ববিদ্যালয়ের সাথে নোবিপ্রবির চুক্তি স্বাক্ষরিত হলো। বিশ্বের স্বনামধন্য নটিংহাম বিশ্ববিদ্যালয়ের সঙ্গে স্থাপিত এ সমঝোতা নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের জন্য একটি মাইলফলক হয়ে থাকবে। শিক্ষা ও গবেষণা ক্ষেত্রে এ ধরনের উদ্যোগ ভবিষ্যতেও চলমান থাকবে বলে আশা করছি। চুক্তি স্বাক্ষরে সহযোগিতার জন্য ধন্যবাদ জ্ঞাপন করছি নোবিপ্রবি এপ্লায়েড কেমিস্ট্রি এন্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক ড. তৌহিদুল ইসলামকে একই সঙ্গে নটিংহাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।’

উল্লেখ্য, চুক্তি স্বাক্ষরের উদ্দেশ্যে গত ১৮ থেকে ২৯ মার্চ ২০২৪ সম্পূর্ণ ব্যক্তিগত খরচে যুক্তরাজ্যের নটিংহাম বিশ্ববিদ্যালয়ে অবস্থান করেন নোবিপ্রবির মাননীয় ট্রেজারার অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর। নটিংহাম বিশ্ববিদ্যালয়ের সঙ্গে স্বাক্ষরিত চুক্তিটি একই সঙ্গে উক্ত বিশ্ববিদ্যালয়ের যুক্তরাজ্য, মালয়েশিয়া ও চীন ক্যাম্পাসে কার্যকর হবে। এই চুক্তির প্রথম মেয়াদ চুক্তিটি স্বাক্ষরিত হওয়ার পরবর্তী পাঁচ বছর পর্যন্ত কার্যকর থাকবে।



রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।